

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩৪/২০১৬

অভিযোগকারী : জনাব ইকবাল হোসেন ফোরকান
পিতা-মরহুম আলহাজ্জ এম এ ফাত্তাহ
এ/১, পল্টন বিলাস, ৭২ পুরানা পল্টন
লাইন, ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : জনাব প্রশান্ত কুমার মজুমদার
সেকসন অফিসার (জনসংযোগ)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শাহবাগ, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৩-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ০৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব প্রশান্ত কুমার মজুমদার, সেকসন অফিসার (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বপকম/হাস-০৩/বিবিধ-১০(৪)/২০০২/৪৪, তারিখঃ ২৮-০১-২০১৪ মাধ্যমে জারিকৃত দেশের সকল সরকারি, আধা-সরকারি হাসপাতাল/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান (সরকারি অনুদান প্রাপ্ত) হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের/তাদের পরিবারবর্গের অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে সুচিকিৎসা নিশ্চিত করা সংক্রান্ত সরকারি আদেশ/ সিদ্ধান্ত অনুযায়ী বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও হাসপাতাল কর্তৃক বীর মুক্তিযোদ্ধাদের/তাদের পরিবারবর্গকে প্রদত্ত চিকিৎসা সেবার বিবরণ ও উক্ত সেবা গ্রহণ পদ্ধতি ইত্যাদি বিস্তারিতভাবে জানা আবশ্যিক।

- ২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহের জন্য ১৯-১১-২০১৫ ইং তারিখে অভিযোগকারীকে পত্র প্রেরণ করেন। অভিযোগকারী ৫ পৃষ্ঠার তথ্য মূল্য বাবদ ১০/- টাকা ২২-১১-২০১৫ নির্ধারিত কোডে জমা প্রদান করে ২২-১১-২০১৫ তারিখে তথ্য সংগ্রহ করেন। প্রাপ্ত তথ্য অভিযোগকারীর কাঙ্ক্ষিত তথ্য নয় উল্লেখ করে অভিযোগকারী ২৮-০২-২০১৬ তারিখে অধ্যাপক ডা. কামরুল হাসান খান, উপচার্য ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে ১৮-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করে ভুল তথ্যাদি প্রদান করায় সংক্ষুব্ধ হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত সঠিক তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট, তার বক্তব্যে উল্লেখ করেন যে, চাহিত তথ্যাদি সরবরাহ করার সময় ভুলক্রমে অভিযোগকারীকে অন্য তথ্য সরবরাহ করা হয়েছে, যা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিতান্তই অনিচ্ছাকৃত এবং অনভিপ্রেত ভুল হয়েছে মর্মে কমিশনের নিকট স্বীকার করেন। এরূপ অনাকাঙ্ক্ষিত ভুলের জন্য তিনি কমিশনের নিকট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষ হয়ে বিজ্ঞ এ্যাডভোকেট মৌখিকভাবে ক্ষমা প্রার্থনা করেন। একইসাথে অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি পুনরায় সুচারুভাবে প্রস্তুতকরে অভিযোগকারীকে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি পুনরায় সুচারুভাবে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব প্রশান্ত কুমার মজুমদার, সেকসন অফিসার (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার